

ঢাকা বিশ্ববিদ্যালয়

স্নাতকপূর্ব ভর্তি পরীক্ষা ২০২০-২১

ভর্তি পরীক্ষার আবেদন আগামী ০৮ মার্চ, ২০২১ বিকাল ৪:০০ টা হতে এই ওয়েবসাইট (<https://admission.eis.du.ac.bd>) এর মাধ্যমে করা যাবে।

সাধারণ তথ্য (সকল আবেদনের জন্য):

১. ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক)- এর প্রয়োজন পড়বে।
২. শিক্ষার্থীকে ৮ টি বিভাগীয় শহরের যেকোন ১ টি কে তার ভর্তি কেন্দ্র হিসেবে নির্বাচন করতে হবে।
৩. স্ক্যান করা একটি ছবির (Format: jpg, Size: 30 – 200KB, Width: 360-540px, Height: 540-720px) প্রয়োজন পড়বে।
৪. SMS করার জন্য শিক্ষার্থীর কাজে টেলিটক, রবি, এয়ারটেল অথবা বাংলালিংক অপারেটর এর একটি মোবাইল নম্বর থাকতে হবে।
৫. ভর্তির আবেদন ফি তাৎক্ষণিক অনলাইনে (VISA /Mastercard/ American Express ডেবিট অথবা ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং) বা চারটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করা যাবে।

সমতা নিরূপনের জন্য:

১. এ-লেভেল/ও-লেভেল/সমমান বিদেশী পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপনের জন্য <https://admission.eis.du.ac.bd> ওয়েব সাইটে গিয়ে “সমমান আবেদন” বা “Equivalence Application” মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে।
২. সমতা নিরূপনের পর প্রাপ্ত “Equivalence ID” ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মত তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

সকল ইউনিট এর ভর্তি নির্দেশিকা, আবেদন ও ফি জমা সংক্রান্ত বিস্তারিত তথ্য এই ওয়েব সাইটে ০৮ মার্চ, ২০২১ তারিখ থেকে পাওয়া যাবে।